

💵 অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

চতুর্দশতম প্রশ্ন: কাদ্বা ও কাদর তথা তাকদীরের প্রতি ঈমানের স্তর কয়টি ও কী কী?

উত্তর: তাকদীরের প্রতি ঈমানের স্তর চারটি। এ চারটি স্তরের সব কয়টির ওপর ঈমান না আনলে তার ঈমান পূর্ণ হবে না। সেগুলো হচ্ছে: আল্লাহ সব কিছু সম্পর্কে মহাজ্ঞানী একথার ওপর ঈমান আনা, তার ইলম সৃক্ষ ও স্পষ্ট সব কিছু সম্পর্কে সর্বব্যাপী, তিনি এসব কিছু লাওহি মাহফূযে লিপিবদ্ধ করে রেখেছেন এবং সব কিছু তাঁর ইচ্ছা ও কুদরতে সংঘটিত হয়ে থাকে, তিনি যা ইচ্ছা করেন তা সংঘটিত হয়, আর তিনি যা চান না তা কখনও হয় না, এতদসত্বেও তিনি বান্দাকে কাজ করতে সক্ষমতা ও ইখতিয়ার দিয়েছেন, ফলে তারা তাদের পছন্দানুযায়ী ও ইচ্ছানুসারেই কাজ করে থাকে। যেমন আল্লাহ তা'আলা বলেছেন,

[۱۷ : الحج [الحج] ﴿ الْكَ فِي كِتُب ١٧﴾ [الحج] ﴿ اللَّهُ يَعَالَمُ مَا فِي السَّمَآءِ وَالاَالَّراصِ إِنَّ ذُلِكَ فِي كِتُب ١٧﴾ [الحج] "তুমি কি জান না যে, আসমান ও জমিনে যা কিছু রয়েছে, আল্লাহ তা জানেন? নিশ্চয় তা একটি কিতাবে রয়েছে।" [সূরা আল-হাজ, আয়াত: ৭০]

(۲۹، ۲۸) ﴿ التكوير: ۲۸، ۲۸) وَمَا تَشَآءُونَ إِلَّا أَن يَشآءَ ٱللَّهُ رَبُّ ٱلسَّعَلَمِينَ ٢٩﴾ [التكوير: ٢٨، ٢٨] "যে তোমাদের মধ্যে সরল পথে চলতে চায়, তার জন্য। আর তোমরা ইচ্ছা করতে পার না, যদি না সৃষ্টিকুলের রব আল্লাহ ইচ্ছা করেন"। [সূরা আত-তাকওয়ীর, আয়াত: ২৮-২৯]

Source — https://www.hadithbd.com/books/link/?id=10511

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন